

শেখ হাসিনার মমতা
বয়স্কদের জন্য নিয়মিত ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সামাজিক নিরাপত্তা শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।



স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৪৫.২১. ৮৫৪

তারিখ :

০১ আশ্বিন ১৪২৮
১৬ সেপ্টেম্বর ২০২১

বিষয়: ২০২১-২২ অর্থ বছরের নিয়মিত উপকারভোগীর নির্ভুল পে-রোল প্রেরণ।

সূত্র: ১। সমাজসেবা অধিদপ্তরের স্মারক নং ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৪৫.২১.৭৯৩ তারিখ: ২৫ আগস্ট ২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচি'র সকল উপকারভোগীর তথ্য Managment Information Systems (MIS) এ সন্নিবেশ করে অর্থ মন্ত্রণালয়ের Ibas++ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে EFT প্রেরণ করা হয়। পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক থেকে সরাসরি উপকারভোগীর মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস 'নগদ' ও 'বিকাশ' এবং এজেন্ট ব্যাংক এর হিসাবের অনুকূলে অর্থ ছাড় করা হয়। হিসাব নম্বর নিষ্ক্রিয় থাকা কিংবা ডিজিট ভুল হওয়ার কারণে কিছু কিছু উপকারভোগীর ভাতার অর্থ উৎসে ফেরৎ (ব্যাউন্স) আসে যা পরবর্তীতে সংশোধন করে সাল্টিমেটোরী পে-রোল প্রেরণ করতে হয়। ফলে উপকারভোগী নির্ধারিত সময়ের অনেক পরে তার অর্থ পাচ্ছেন।

২. সূত্রোক্ত স্মারকের মাধ্যমে উপকারভোগীর হিসাব নম্বর সংশোধন করে নির্ভুল পে-রোল প্রেরণের প্রত্যাশিতা গ্রহণের নির্দেশনা দেয়া হয়।

৩. সংশ্লিষ্ট উপজেলা ও শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক আগামী ২৫ সেপ্টেম্বর'২১ হতে ৩০ সেপ্টেম্বর'২১ পর্যন্ত ২০২১-২০২২ অর্থবছরের নিয়মিত উপকারভোগীর ১ম কিস্তির (জুলাই-সেপ্টেম্বর) নির্ভুল পে-রোল বিনা ব্যর্থতায় প্রেরণ করতে হবে।

৪. এমতাবস্থায়, তাঁর আওতাধীন উপজেলা ও শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক নির্ধারিত ৩০ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে ২০২১-২০২২ অর্থবছরের নিয়মিত উপকারভোগীর ১ম কিস্তির (জুলাই-সেপ্টেম্বর) নির্ভুল পে-রোল প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

পরিচালক

বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)

.....।

(শেখ সফিকুল ইসলাম)

মহাপরিচালক

ফোন: ০২-৫৫০০৭০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবন পার্বত্য জেলা।
২. প্রকল্প পরিচালক, ক্যাশ ট্রান্সফার মডার্নাইজেশন প্রজেক্ট, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন ও অর্থ/ কার্যক্রম/প্রতিষ্ঠান/ সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৪. জেলা প্রশাসক, (সকল)।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল)।
৯. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, (সকল)।
১০. উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
১১. সমাজসেবা অফিসার, উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়, (সকল)।
১২. সি.ই.ও. নগদ/বিকাশ, ঢাকা।
১৩. প্রধান, আর্থিক অন্তর্ভুক্তি ও আর্থিক স্বাক্ষরতা বিভাগ, ব্যাংক, এশিয়া লিমিটেড, ঢাকা।
১৪. প্রোগ্রাম ম্যানেজার, এ টু আই, আইসিটি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

তাঁকে ২৩ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে সংশ্লিষ্ট এলাকার নিয়মিত সকল উপকারভোগীর হিসাবের হালনাগাদ তথ্য (সক্রিয়/নিষ্ক্রিয়) যাচাই করে দেয়ার জন্য অনুরোধ করা হলো।

(শেখ সাক্বির ইমাম)

পরিচালক

সামাজিক নিরাপত্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা।
www.dss.comilla.gov.bd



স্মারক নং ৪১.০১.১৯০০.০০০.২০.০০১.২০. ১৪৬০

তারিখঃ ০৪ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ

পত্রের নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(জেড.এম. মিজানুর রহমান খান)

উপপরিচালক

জেলা সমাজসেবা কার্যালয়

কুমিল্লা।

dssocomilla@gmail.com

ফোন-০৮১-৭৬৫৪১

সমাজসেবা অফিসার,
উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় (সকল),
----- কুমিল্লা।

সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ০২। পরিচালক (সামাজিক নিরাপত্তা অধিশাখা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ০৩। জেলাপ্রশাসক, কুমিল্লা।
- ০৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।
- ০৫। সংরক্ষণ নথি।